Md. Ismail Hossain
Assistant Director
Directorate of Madrasah Education,
Ministry of Education

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৩৯.০০১.২১.১২৩

তারিখ: ৬ চৈত্র ১৪২৯
২০ মার্চ ২০২৩

বিষয়: **কুমিল্লা জেলার বুড়িচং উপজেলাধীন ফকির বাজার ইসলামিয়া ছুন্নিয়া সিনিয়র আলিম মাদ্রাসায় এবতেদায়ী প্রধান জনাব মোঃ গোলাম সরওয়ার হোসেন (ইনডেক্স-C308182) এর এমপিওশীটে নাম ও ইনডেক্স নম্বর সংযোজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (০১) USEO, বুড়িচং, কুমিল্লা এর স্মারক নং-৩৭.০২.১৯১৮.০০০.৯৯.১৫৫.২২-৬৩; তারিখ: ২৭.০৩.২২খ্রি.
(০২) তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.১২.০৩৮.২১-৪০৮ তারিখ: ৩১.০১.২০২৩ খ্রি. (ডকেট নং-১৯৩৩ ; তাং- ৩১/০১/২৩খ্রি.)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার বুড়িচং উপজেলাধীন ফকির বাজার ইসলামিয়া ছুন্নিয়া সিনিয়র আলিম মাদ্রাসায় এবতেদায়ী প্রধান জনাব মোঃ গোলাম সরওয়ার হোসেন এর এমপিও শীটে নাম ও ইনডেক্স নম্বর সংযোজনের আবেদন সূত্রোক্ত (০১) নং স্মারকে USEO, বুড়িচং, কুমিল্লা কর্তৃক অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। প্রতিকার প্রার্থীর আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ)-মাশিঅ এবং কামাল উদ্দিন আহমেদ, সিস্টেম এনালিস্ট, মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। সূত্রোস্থ ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত নিম্নরূপ: " জনাব মো: গোলাম সরওয়ার হোসেন বর্ণিত মাদ্রাসায় এবতেদায়ী প্রধান পদে ১০/০৩/১৯৯০ খ্রি. তারিখের যোগদান করেন এবং আগস্ট/১৯৯৩ মাসে এমপিওভুক্ত হন। পরবর্তীতে বর্ণিত মাদ্রাসার এবতেদায়ী ক্বারী জনাব মোঃ মোস্তফা কামাল (ইনডেক্স- C308185) ১২/০৬/২০২০ তারিখে মৃত্যুবরন করলে এমপিও শীট হতে তার নাম কর্তনের জন্য মাদ্রাসা কর্তৃপক্ষ মৃত মোঃ মোস্তফা কামাল (ইনডেক্স- C308185) এর নামের সাথে ভুলক্রমে এবতেদায়ী প্রধান জনাব মোঃ গোলাম সরওয়ার হোসেন (ইনডেক্স-C308182) এর নাম ও কর্তনের জন্য আবেদন করেন এবং নাম ও ইনডেক্স কর্তন হয়ে যায়। উল্লেখ্য, মাদ্রাসা কর্তৃপক্ষ ভুলক্রমে একজনের নামের সাথে জীবিত এবং কর্মরত মোঃ গোলাম সরওয়ার হোসেন (ইনডেক্স-C308182) নাম ও ইনডেক্স কর্তনের জন্য অনলাইনে আবেদন করেছেন। অপরদিকে অনলাইনে আবেদনে এবতেদায়ী ক্বারী জনাব মো: মোস্তফা কামালের অনলাইন মৃত্যুসনদ সংযুক্ত থাকা সত্ত্বেও যাচাইবাছাই কর্মকর্তাগণ সেটা বিবেচনায় না নিয়ে/লক্ষ্য না করে এবতেদায়ী প্রধান জনাব মোঃ গোলাম সরওয়ার হোসেন (ইনডেক্স-C308182) এর নাম ও ইনডেক্স নম্বর কর্তন করেছেন। মেমিস সফটওয়্যারে নাম কর্তনের আবেদনে সংযুক্ত অনলাইন মৃত্যুসনদ ও রেজুলেশনে জনাব মো: গোলাম সরওয়ার হোসেন এর নাম কর্তনের কোন বিষয় নেই। সংযুক্ত আছে মৃত মোঃ মোস্তফা কামাল এর নাম। বিধায়, তাঁর নাম ও ইনডেক্স নম্বর পুন:স্থাপনযোগ্য মর্মে তদন্ত কমিটির নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শিটে নাম ও ইনডেক্স নম্বর সংযোজনের জন্য আবেদন করেছেন এবং USEO, বুড়িচং, কুমিল্লা বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ গভর্নিং বডির সদস্যবৃন্দ নাম ও ইনডেক্স নম্বর সংযোজনের সুপারিশ করেছেন। বিধায় কুমিল্লা জেলার বুড়িচং উপজেলাধীন ফকির বাজার ইসলামিয়া ছুন্নিয়া সিনিয়র আলিম মাদ্রাসায় এবতেদায়ী প্রধান জনাব মোঃ গোলাম সরওয়ার হোসেন এর এমপিও শিটে নাম ও ইনডেক্স নম্বর সংযোজন করা যেতে পারে।" (কপি সংযুক্ত)

০৩। USEO, বুড়িচং, কুমিল্লা এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মোঃ গোলাম সরওয়ার হোসেন (ইনডেক্স-C308182) এর তথ্য এবং প্রার্থীত ইনডেক্স নম্বর নিম্নরূপঃ

| ক্রমিক নং | নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠনের ঠিকানা | এবতেদায়ী প্রধান পদে যোগদানের তারিখ | এমপিও শীটে বিদ্যমান নাম ও ইনডেক্স নম্বর | প্রার্থীত নাম ও ইনডেক্স নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ গোলাম সরওয়ার হোসেন, এবতেদায়ী প্রধান (ইনডেক্স-C308182) ফকির বাজার ইসলামিয়া ছুন্নিয়া সিনিয়র আলিম মাদ্রাসা, বুড়িচং, কুমিল্লা | ১০/০৩/১৯৯০ খ্রি. | নেই | নাম: M G SARWAR HOSSAIN ইনডেক্স: C308182) | এমপিও শীটে বিদ্যমান নাম ও ইনডেক্স নম্বর নেই। আবেদনকারীর প্রার্থীত নাম: M G SARWAR HOSSAIN ইনডেক্স: C308182) সংযোজনযোগ্য। |

০৪। এমতাবস্থায়, USEO, বুড়িচং, কুমিল্লা এর সুপারিশসহ অগ্রায়ণ এবং তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মোঃ গোলাম সরওয়ার হোসেন এর নাম M G SARWAR HOSSAIN ও ইনডেক্স নম্বর C308182 এমপিওশীটে সংযোজনপূর্বক তার বেতন

ভাতা চালুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪। প্রতিকার প্রার্থী জনাব মো: গোলাম সরওয়ার হোসেন কোন প্রকার বকেয়া দাবি করতে পারবেনা।

৫।পরবর্তীতে এতদসংক্রান্ত কোন ডকুমেন্টস/তথ্যাদিভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষনিকভাবে অত্র আদেশ সম্পূর্ণ/আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে। এতে কোনরুপ আপত্তি উত্থাপন/আইনের আশ্রয় গ্রহণ করা যাবেনা।

৬। পূর্ন বকেয়া প্রতিষ্ঠান/প্রতিষ্ঠান প্রধান পরিশোধ করবেন।

৭। পূর্ন বকেয়া পরিশোধ না করলে প্রতিষ্ঠান প্রধানের এমপিও বন্ধ করা হবে।

৮। বকেয়া পরিশোধের প্রত্যায়ন (প্রাপ্যতা সাপেক্ষে স্বাক্ষরসহ) জমা দিতে হবে।

সংযুক্তি: ১১ ফর্দ।

২০-৩-২০২৩
হাবিবুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৩৯.০০১.২১.১২৩/১(৪)

তারিখ: ৬ চৈত্র ১৪২৯
২০ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সিনিয়র সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বুড়িচং, কুমিল্লা।

৩) সভাপতি/অধ্যক্ষ, ফকির বাজার ইসলামিয়া ছুন্নিয়া সিনিয়র আলিম মাদ্রাসা, বুড়িচং, কুমিল্লা।

৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

২০-৩-২০২৩
মো ইসমাইল হোসেন
সহকারী পরিচালক